

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব বাণিজ্য মতামত খেলা বিনোদন চাকরি জীবনয  Eng 

 ছবি

 ভিডিও

 ছবি

## পরীক্ষা

# রাজধানীতে বৃষ্টির মধ্যে কেন্দ্রে এইচএসসি পরীক্ষার্থীরা, ভোগান্তি

ইউএনবি



ছবি: ইউএনবি

আজ রোববার ভোর থেকে বৃষ্টি ঝরছে রাজধানীতে। এ কারণে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। বৃষ্টির কারণে সড়কে গণপরিবহনের উপস্থিতি কম থাকায় পরীক্ষার্থী ও তাঁদের অভিভাবকদের গন্তব্যে পৌঁছাতে বেশ বেগ পেতে হয়েছে। রাজধানীর মালিবাগ, শান্তিনগর, মগবাজারসহ গুরুত্বপূর্ণ এলাকায় সড়কে পানি জমে পরিস্থিতি আরও জটিল করে তোলে। এতে তীব্র যানজট তৈরি হয়ে সময়মতো পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে ছোটছুটি করতে হয়েছে পরীক্ষার্থী ও অভিভাবকদের।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ বুলেটিনে বলা হয়েছে, ঢাকায় সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ১০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

এর আগে সিলেট বিভাগ বাদে আজ রোববার সারা দেশে ২০২৪ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হয়েছে। বন্যা পরিস্থিতির কারণে শুধু সিলেট বিভাগের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ৮ জুলাই পর্যন্ত স্থগিত করা হয়েছে। তবে ৯ জুলাই থেকে যে পরীক্ষাগুলো হওয়ার কথা ছিল, সেগুলো যথারীতি হবে।

ছবি: ইউএনবি

সময়সূচি অনুযায়ী আজ বাংলা (আবশ্যিক) প্রথম পত্রের মাধ্যমে শুরু হয়েছে পরীক্ষা। লিখিত পরীক্ষা শেষ হবে আগামী ১১ আগস্ট। এরপর ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। পূর্বঘোষণা অনুযায়ী, পুনর্বিদ্যাসকৃত (সংক্ষিপ্ত) পাঠ্যসূচিতে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো  
করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো